



বিমানবন্দরে বিশৃঙ্খলা, আখতারুজ্জামানের এক দিনের রিমান্ড মঞ্জুর



জামায়াত নেতা আখতারুজ্জামান। ছবি: সংগৃহীত

শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বিশৃঙ্খলা, সরকারি কাজে বাধা ও নিরাপত্তা কর্মকর্তাকে লাঞ্চিত করার অভিযোগে করা মামলায় জামায়াত নেতা মেজর (অব.)

আখতারুজ্জামানের এক দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত।

শনিবার (৩ অক্টোবর) দুপুরে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আলবিরুন্নি মীর শুনানি শেষে এ আদেশ দেন। এর আগে সকালে বিমানবন্দর থানার তদন্ত কর্মকর্তা পাঁচ দিনের রিমান্ড চেয়ে আদালতে আবেদন করেন।

শুনানির সময় আখতারুজ্জামান মামলাটিকে ষড়যন্ত্র বলে উল্লেখ করেন। থানায় মামলা হওয়ার আগেই ডিবি পুলিশ তার বাসায় যায় বলেও অভিযোগ করেন তিনি।

দুপুরে আদালতে নেওয়ার সময় প্রিজন্ ভ্যান থেকে নেমে ফ্লোভ প্রকাশ করেন আখতারুজ্জামান। এ সময় তিনি মাথার হেলমেট ছুড়ে ফেলেন। আদালত চত্বরে জামায়াতের নেতাকর্মীদের স্লোগান দিতেও দেখা যায়।

এর আগে শুক্রবার বিকেলে রাজধানীর ক্যান্টনমেন্ট ডিওএইচএসের বাসা থেকে আখতারুজ্জামানকে গ্রেপ্তার করে ডিবি। তার বিরুদ্ধে বৃহস্পতিবার রাতে বিমানবন্দর থানায় মামলা করেন বিমানবন্দরের এক নিরাপত্তা কর্মকর্তা।

এজাহারে বলা হয়েছে, বৃহস্পতিবার বেলা পৌনে ১১টার দিকে সৌদি আরবের মদিনা থেকে আসা বিমান বাংলাদেশ এয়ারলাইনসের বিজি-৩৩৮ ফ্লাইটের যাত্রীরা ৮ নম্বর লাগেজ বেলেট গেলে ট্রলির সংকট দেখা দেয়। লাগেজ পেতে দেরি হওয়ায় সেখানে উত্তেজনা তৈরি হয়।

পরিস্থিতি দেখতে বিমানবন্দরের নির্বাহী পরিচালক গ্রুপ ক্যাপ্টেন এস এম রাগীব সামাদ সেখানে গেলে আখতারুজ্জামান তার দিকে আক্রমণাত্মকভাবে এগিয়ে যান বলে এজাহারে উল্লেখ করা হয়েছে। এ সময় তাকে গালিগালাজ ও হুমকি দেওয়ার অভিযোগও করা হয়েছে।